# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date : 07-10-2025
# Time: 07.35-07.40 AM Hrs
# BENGALI MORNING BULLETIN

---

**President NSS :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল রাষ্ট্রপতি ভবনে ২০২২-২৩ সালের জন্য মাই ভারত-জাতীয় পরিষেবা প্রকল্প (এনএসএস) পুরস্কার প্রদান করেছেন। তিনি এন.এস.এস. ইউনিট এবং তাদের প্রোগ্রাম অফিসার এবং এনএসএস স্বেচ্ছাসেবকদের ৪0টি পুরস্কার প্রদান করেন। এন.এস.এস. স্বেচ্ছাসেবক, ইউনিট এবং প্রোগ্রাম অফিসারদের সমাজ সেবা ও জাতি গঠনে ব্যতিক্রমী অবদানকে স্বীকৃতি দেওয়ার জন্য যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক প্রতি বছর জাতীয় পরিষেবা প্রকল্প পুরস্কার প্রদান করে থাকে। আগরতলা রামঠাকুর কলেজের এন.এস.এস. স্বেচ্ছাসেবক অনুপম দাস গতকাল রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছ থেকে পুরস্কার গ্রহন করেন। তিনি পরিবেশের ভারসাম্য বজায় রাখতে ৫৪0 টি চারাগাছ রোপণ এবং বিভিন্ন জলাশয় পরিষ্কার-পরিচ্ছন্ন করে সমাজের কাছে এক অনন্য বার্তা দিয়েছেন। আকাশবাণী আগরতলা প্রতিনিধিকে দেওয়া এক সাক্ষাতকারে শ্রী দাস তার প্রতিক্রিয়া ব্যক্ত করেন।

####BYTE-Anupam Das #####

অনুষ্ঠানে রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কার গ্রহণ করেন আগরতলা বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়ের শিক্ষক তথা প্রোগ্রাম অফিসার শ্যামল দে তিনি ১,১৮৫টি বৃক্ষরোপণ ৫১ ইউনিট রক্ত সংগ্রহ করার পাশাপাশি পালস পোলিও ও ভোটাধিকার সম্পর্কে মানুষকে সচেতন করার কাজ করেছেন।

********************************

**ECI-Bihar Assembly Election :**

নির্বাচন কমিশন বিহার বিধানসভার নির্বাচনের নির্ঘন্ট গতকাল ঘোষণা করেছে| আগামী ৬ এবং ১১ নভেম্বর দুই দফায় নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোট গণনা হবে ১৪ নভেম্বর| গতকাল নয়াদিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার নির্বাচন নির্ঘন্ট ঘোষণা করে জানান, বিহারে মোট ২৪৩ টি বিধানসভা আসনের ভোট গ্রহণ করা হবে৷ নির্বাচনী নির্ঘন্ট ঘোষণার সঙ্গে সঙ্গে বিহারে গতকাল থেকে আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে। তিনি বলেন, বিহারে সাত কোটি ৪৩ লক্ষ ভোটারের জন্য ৯০ হাজার ৭১২ টিরও বেশি ভোটকেন্দ্র স্থাপন করা হবে। ৬ই নভেম্বর প্রথম দফায় ভোটের জন্য বিজ্ঞপ্তি জারী করা হবে আগামী ১০ অক্টোবর৷ দ্বিতীয় দফায় ভোটের জন্য বিজ্ঞপ্তি জারি করা হবে ১৩ অক্টোবর৷ নির্বাচনী প্রক্রিয়া পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণের জন্য সমস্ত ভোটকেন্দ্রে ওয়েবকাস্টিং করা হবে। তাছাড়া নির্বাচনী প্রক্রিয়ায় ১৭ টি নতুন উদ্যোগ নেওয়া হয়েছে যা ভবিষ্যতে দেশের প্রতিটি রাজ্যের নির্বাচনে প্রয়োগ করা হবে|

#####Byte Gyanesh Kumar#####

*******************************

**Nepal Flood:**

ভারী বৃষ্টিতে বন্যা ও ভূমিধ্বসে বিপর্যস্ত নেপাল। প্রাকৃতিক দুর্যোগে এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে ৫২ জনের| অবিশ্রান্ত বৃষ্টিতে ঘরবাড়ি, রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়েছে। যোগমাই জলবিদ্যুৎ প্রকল্পও ক্ষতিগ্রস্ত। গৃহহীন ২৫ হাজারের বেশি মানুষ। নেপালে মেচি হাইওয়ে সহ প্রধান সড়কগুলি অবরুদ্ধ হয়ে রয়েছে, যার ফলে উদ্ধারের কাজ ব্যাহত ইতিমধ্যে ভারত সরকারের পক্ষ থেকে সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

*******************************

**Nirmala Sitaraman :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল নতুন দিল্লিতে হাডসন ইনস্টিটিউটের ওয়াল্টার রাসেল মিডের নেতৃত্বে মার্কিন প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় করেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, অর্থ মন্ত্রক জানিয়েছে যে মতবিনিময়ের সময় ভূ-রাজনৈতিক উন্নয়ন এবং ভারত-মার্কিন অংশীদারিত্বের মধ্যে আগ্রহের ক্ষেত্রগুলি নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে কৌশলগত ও অর্থনৈতিক ক্ষেত্রে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ক্রমবর্ধমান সম্পৃক্ততার বিষয়টি তুলে ধরা হয়েছে।

*******************************

**Vice President :**

রাজ্যসভার সভাপতি ও উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ গতকাল রাজ্যসভার সচিবালয় পরিদর্শন করেছেন। সফরকালে তিনি সচিবালয়ের আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন এবং সভা ও এর সদস্যদের আইন প্রণয়ন, প্রশাসনিক ও পদ্ধতিগত সহায়তা প্রদানের ক্ষেত্রে এর ভূমিকা সহ এর কার্যকারিতা পর্যালোচনা করেন। সচিবালয়ের বিভিন্ন বিভাগ ও উদ্যোগ তুলে ধরে উপ-রাষ্ট্রপতির কাছে একটি উপস্থাপনা বিস্তারিত ভাবে তুলে ধরা হয়।

*******************************

**CPA-KOHIMA :**

কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন - ভারতের জোন তিন 'এর প্লেনারি সম্মেলন নভেম্বর মাসে কোহিমায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই অনুষ্ঠানের প্রস্তুতি উপলক্ষ্যে নাগাল্যান্ড বিধানসভার অধ্যক্ষ শারিনগাইন লংকুমার সম্প্রতি লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার সঙ্গে নতুন দিল্লিতে উত্তর-পূর্ব ভারতের সংসদীয় উদ্যোগ নিয়ে বৈঠক করেন। সম্মেলনের প্রস্তুতি ও উত্তর-পূর্ব ভারতের

আঞ্চলিক সহযোগিতার গুরুত্বের বিষয়ে শ্রী লংকুমার ওম বিড়লাকে অবহিত করেন।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৬ ডিগ্রি সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ১০.৪ মিলিমিটার|

******************************

******************************